



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

সূত্র নং: পসব্য/প্রকা/হিসাব-২/১৮-১৯/ ২৭১৬

তারিখ: ১৬/০৮/১৮খ্রি.

উপজেলা সমন্বয়কারী
একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

সকল শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)
পল্লী সঞ্চয় ব্যাংক।

নির্দেশনা-৪১

বিষয় : একটি বাড়ি একটি খামার প্রকল্পের স্থানান্তরিত জনবলের বেতন-ভাতাদি ও ঈদ-উল-আযহা বোনাস-২০১৮ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে পল্লী সঞ্চয় ব্যাংকের ১২/০৮/২০১৮ তারিখের পসব্য/প্রকা/হিসাব-২/১৮-১৯/২৬০৮ নং পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত পত্র জারীর পর বিভিন্ন শাখা কর্তৃক পাহাড়ি ভাতা/অন্যান্য বিষয়ে স্পষ্টিকরণের অনুরোধ জানিয়েছেন। এতদপ্রেক্ষিতে শাখার করণীয় বিষয়গুলো নিম্নে উপস্থাপন করা হলো।


(ক) শাখা পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত জনবলের বেতন ভাতাদির জন্য নিম্নোক্ত স্থানান্তর ভাউচার প্রস্তুত করতে হবে :

ডেবিট		বিবরণ	ক্রেডিট	
টাকা	নাম ও হিসাব নং		নাম ও হিসাব নং	টাকা
	মূল বেতন (অফিসার) কোড-৯০১০৩০০১	বর্ণিত পরিমাণ অর্থ ইবেক থেকে শাখায় স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীদের আগষ্ট/২০১৮ মাসের বেতন ভাতাদি বাবদ প্রদান করা হলো।	সঞ্চয়ী হিসাব (সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর হিসাব নং)	
	মূল বেতন (স্টাফ) কোড নং-৯০১০৩০০২			
	বাড়ী ভাড়া কোড নং-৯০১০৩০০৫			
	চিকিৎসা ভাতাকোড নং-৯০১০৩০০৬			
	শিক্ষা সহায়ক ভাতা কোড নং-৯০১০৩০০০ (সরকারী বিধি মোতাবেক প্রাপ্যতা সাপেক্ষে)			
	পাহাড়ি ভাতা কোড নং-৯০১০৩০১৯ (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার জন্য প্রযোজ্য)।			
	মোট টাকা	কথায়	মোট টাকা	

(খ) পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত জনবলের ঈদ-উল আযহা/২০১৮ উৎসব বোনাস প্রদানের জন্য নিম্নোক্ত স্থানান্তর ভাউচার প্রস্তুত করতে হবে:

ডেবিট		বিবরণ	ক্রেডিট	
টাকা	নাম ও হিসাব নং		নাম ও হিসাব নং	টাকা
	উৎসব বোনাস কোড নং-৯০১০৩০১৭	বর্ণিত পরিমাণ টাকা ঈদ-উল-আযহা উপলক্ষে অত্র শাখার স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীদের উৎসব বোনাস বাবদ প্রদান করা হলো।	সঞ্চয়ী হিসাব (সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর হিসাব নং)	
	মোট টাকা			কথায়

৩। শাখা কর্মকর্তা/কর্মচারীদের নামে পল্লী সঞ্চয় ব্যাংকের শাখায় সঞ্চয়ী হিসাব খুলে বেতন ভাতাদি ছক মোতাবেক পোষ্টিং দিবে। কর্মকর্তা/কর্মচারীরা তাদের বেতন-ভাতাদির টাকা নিজ সঞ্চয়ী হিসাব থেকে উত্তোলন স্লিপের মাধ্যমে তুলবেন। শাখা মাঠ হতে প্রাপ্ত তহবিল থেকে বা স্থানীয় সোনালী ব্যাংক/সংশ্লিষ্ট ব্যাংক হতে টাকা উত্তোলন করে বিও ট্রানজেকশন সম্পন্ন করার মাধ্যমে স্ব-স্ব সঞ্চয়ী হিসাব থেকে টাকা উত্তোলন করে বেতনভাতাদি বিতরণ করবে। বেতন ভাতাদি ও বোনাস বিলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর খরচে রেভিনিউ স্ট্যাম্প লাগাতে হবে। কর্মচারীরা তাদের ঈদ-উল-আযহার উৎসব বোনাস ও আগষ্ট মাসের বেতন-ভাতাদি ১৬ই আগষ্ট ২০১৮ হতে উত্তোলন করতে পারবেন। কর্মকর্তারা মাসের শেষ তারিখে বা কার্যদিবসে বেতন গ্রহণ করতে পারবেন।



(মোঃ মহব্বত উল্লাহ)

উপব্যবস্থাপনা পরিচালক

ফোন: ৫৫১৩৮৫৫৯

ই-মেইল-dmd@pallisanchaybank.gov.bd

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৪. সকল সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. অফিস নথি